

কুতুবদিয়া উপজেলা পরিষদ
জেলাঃ কক্সবাজার।
(www.kutubdia.coxsazar.gov.bd)

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক কমিটির সভার কার্য বিবরণী।
সভার তারিখ : ০৩/০৮/২০২৩ খ্রিঃ।
সময় : বিকাল- ০৩.০০ ঘটিকা।
সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়, কুতুবদিয়া, কক্সবাজার।
সভাপতি : হাছিনা আকতার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া, কক্সবাজার।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক” তে দ্রষ্টব্য।


সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভাপতির অনুমতিক্রমে শুভেচ্ছা জানিয়ে বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃষ্টীকরণ করা হয়।

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে তীব্র জনবল সংকট রয়েছে। যেসব কর্মকর্তা-কর্মচারী রয়েছে তা দিয়ে কোন রকম চিকিৎসা সেবা চালিয়ে নেয়া হচ্ছে। দ্বীপে বসবাসরত দরিদ্র জনসাধানের প্রয়োজনীয় চিকিৎসা সেবা নিশ্চিত করার স্বার্থে হাসপাতালে জনবল সংকটসহ সকল সমস্যার বিষয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের বরাবর পত্র প্রেরণ করা যাইতে পারে।

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আওতায় মাঠ পর্যায়ে ইপিআই কার্যক্রম বিষয়ে উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা জানান ইপিআই কার্যক্রম যথাযথ ভাবে পরিচালিত হচ্ছে।

সিদ্ধান্তঃ- কুতুবদিয়া উপজেলার আপামর জনসাধারণের চিকিৎসা সেবা নিশ্চিত কল্পে কুতুবদিয়া স্বাস্থ্য কমপ্লেক্সের শূন্য পদে ডাক্তার ও কর্মচারী পদায়নের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদকে সুপারিশ করা হয়।

সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(হাছিনা আকতার)

সভাপতি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক কমিটি

ও

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ

কুতুবদিয়া, কক্সবাজার

তারিখঃ-০৩/০৮/২০২৩ খ্রিঃ

স্মারক নং-উপকা/কুতুব/কক্স/স্থায়ী কমিটি-০৬/২০২৩-৪২

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হইলঃ

১। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, কক্সবাজার।

অনুলিপি সদয় কার্যার্থেঃ

২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া, কক্সবাজার।

৩। উপজেলা নির্বাহী অফিসার, কুতুবদিয়া, কক্সবাজার।

৪। উপজেলা অফিসার(সংশ্লিষ্ট বিভাগ), কুতুবদিয়া, কক্সবাজার।

৫। চেয়ারম্যান..... ইউ/পি(সকল), কুতুবদিয়া, কক্সবাজার।

৬। সংরক্ষণ নথি।



সদস্য সচিব

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক কমিটি

ও

উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা

কুতুবদিয়া, কক্সবাজার।

কুতুবদিয়া উপজেলা পরিষদ
জেলাঃ কক্সবাজার।
(www.kutubdia.coxsbazar.gov.bd)

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক কমিটির সভার কার্য বিবরণী।
সভার তারিখ : ০৬/১১/২০২৩ খ্রিঃ।
সময় : বিকাল- ০৩.৩০ ঘটিকা।
সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়, কুতুবদিয়া, কক্সবাজার।
সভাপতি : হাছিনা আকতার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া, কক্সবাজার।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক” তে দৃষ্টব্য।


সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভাপতির অনুমতিক্রমে শুভেচ্ছা জানিয়ে বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান, সেবার মান ও সার্বিক বিবেচনায় কুতুবদিয়া স্বাস্থ্য কমপ্লেক্স সারাদেশের ১১৫নং র‍্যাংকিং এ রয়েছে। হাসপাতালে স্টাফ নার্সদের রাত্রী কালীন ডিউটি ও জরুরী প্রয়োজনে গভীর রাতে কোয়ার্টার থেকে হাসপাতালে আসা-যাওয়া করতে হয়। কিন্তু স্টাফ কোয়ার্টার হতে স্বাস্থ্য কমপ্লেক্সে আসা-যাওয়ার রাস্তাটি অন্ধকার থাকে। তাই রাস্তাটিতে তিনটি স্ট্রিট লাইট স্থাপন করা প্রয়োজন।

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে দীর্ঘদিন থেকে ডাক্তার সংকট থাকায় পার্শ্ববর্তী উপজেলা হতে শ্রেষণে কয়েকজন ডাক্তার আনা হয়েছে। এছাড়াও ১০জন নতুন সিনি:স্টাপ নার্সসহ মোট ২০জন নার্স কর্মরত রয়েছে। হাসপাতালের বিষয়ে কোন অভিযোগ বা পরামর্শ থাকে তাকে অবহিত করার অনুরোধ জানান।

সিদ্ধান্তঃ- অধাধিকার ভিত্তিতে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হতে স্টাফ কোয়ার্টার পর্যন্ত চলাচল রাস্তায় সৌর বিদ্যুতের স্ট্রিট লাইট স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদকে সুপারিশ করা হয়।

সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(হাছিনা আকতার)

সভাপতি

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক কমিটি

ও

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ

কুতুবদিয়া, কক্সবাজার

স্মারক নং-উপকা/কুতুব/কক্স/স্থায়ী কমিটি-০৬/২০২৩-৬৬

তারিখঃ-০৬/১১/২০২৩খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হইল :

১। উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, কক্সবাজার।

অনুলিপি সদয় কাযার্থেঃ

২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া, কক্সবাজার।

৩। উপজেলা নির্বাহী অফিসার, কুতুবদিয়া, কক্সবাজার।

৪। উপজেলা অফিসার(সংশ্লিষ্ট বিভাগ), কুতুবদিয়া, কক্সবাজার।

৫। চেয়ারম্যান..... ইউ/পি(সকল), কুতুবদিয়া, কক্সবাজার।

৬। সংরক্ষণ নথি।



সদস্য সচিব

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিষয়ক কমিটি

ও

উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা

কুতুবদিয়া, কক্সবাজার।